গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে তৃতীয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | ১৫.০৩.২০২৩খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | ০৭নং হালসা ইউনিয়ন পরিষদ, নাটোর সদর, নাটোর। |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক তে সংযুক্ত করা হলো। |

সভাপতি উপস্থিত (পরিশিষ্ট ক) সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপরঃ সভাপতির অনুমতিক্রমে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাটোর সদর এর সঞ্চালনায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে নিয়মিত সভা করার মাধ্যমে সেবা প্রদানে অন্তরায় দূর করা, সেবার মানোন্নয়ন ও অংশীজনদের সাথে সুসম্পর্ক তৈরি | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত দপ্তরে আগত নানা ধরণের সুফলভোগী ও অন্যান্য অংশীজনদের (stakeholders) কাছে যেয়ে সভা করে যাতে করে অংশীজনদের অংশগ্রহণ বৃদ্ধি পায়, মতামত গ্রহণের মাধ্যমে সহজে প্রতিভাব যাচাই করা যায় এজন্য ইউনিয়ন পর্যায়ে এসে সভা করার বিষয়টি আলোচনা করা হয়। অংশগ্রহণকারী সুফলভোগী মৎস্যজীবিগণ তাদের নিকটে এসে সভা করায় তাদের সন্তুষ্টি প্রকাশ করেন। ভবিষ্যতেও ইউনিয়ন বা উপজেলা পর্যায়ে অংশীজনদের কাছে যেয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করার বিষয় আলোচনা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে প্রতি ত্রৈমাসিকে একটি করে সভা করা এবং এ সভায় অংশীজনদের বেশি বেশি অংশগ্রহণ নিশ্চিত করা, প্রয়োজনে অংশীজনদের দোরগোড়ায় যেয়ে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্যকর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ২. | সিটিজেন চার্টার হালনাগাদকরণ | প্রতি ত্রৈমাসিকে নিয়মিত সিটিজেন চার্টার হালনাগাদ করণ, দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য টাঙিয়ে রাখা এবং ওয়েব পোর্টালে প্রদর্শনের জন্য প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত সিটিজেন চার্টার প্রকাশ করার বিষয় গুরুত্বের সাথে আলোচনা হয়। সিটিজেন চার্টারের মিশন ও ভিশন মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরের অনুরূপ করার বিষয়ে আলোচনা হয়। | প্রতি ত্রৈমাসিকে নিয়মিত সিটিজেন চার্টার হালনাগাদ করণ, দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য টাঙিয়ে রাখা এবং ওয়েব পোর্টালে ও হালনাগাদ কৃত সিটিজেন চার্টার প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | সেবা সহজীকরণ | সেবা সহজীকরণ তথা জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে মৎস্য আইন ও মৎস্য সেবা বিষয়ক বিভিন্ন এ্যাপস সমন্ধে মৎস্যচাষি/মৎস্যজীবিদের মধ্যে প্রচার প্রচারণা বাড়ানোর বিষয় আলোচনা হয়। তাছাড়া তথ্য প্রযুক্তি ব্যবহারে ভ্রাম্যমান প্রশিক্ষণ, ই-পরামর্শ সেবা বা ই-তথ্য সেবা চালু করা, স্ব স্ব ওয়েব পোর্টালে বিভিন্ন মৎস্য প্রযুক্তি ও সেবা সংক্রান্ত তথ্য প্রকাশ করা এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে দ্রুত সেবা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | দ্রুত জনগণের হাতের মুঠোয় সেবা পৌঁছানো তথা সেবা সহজীকরণের লক্ষ্যে যে কোন অর্জন যোগ্য উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকরার সিদ্ধান্ত গৃহীত হয়। নাটোর জেলার হ্যাচারি মালিক ও মৎস্য খাদ্য উৎপাদকারীগণকে শতভাগ কুইক রেসপন্স কোডযুক্ত লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৪. | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা নিয়োগ এবং এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করার এবং নির্ধারিত ফরম্যাটে নিষ্পত্তি প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম ০৭ দিনের মধ্যে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা নিয়োগ এবং এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ যথা সময়ে নিষ্পত্তি করার এবং নির্ধারিত ফরম্যাটে নিষ্পত্তি প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম ০৭ দিনের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৫. | তথ্য অধিকার আইন ২০০৯ অনুসরণে অনলাইনে তথ্য প্রদান এবং স্ব স্ব ওয়েবপোর্টালে উপজেলার মৎস্য বিষয়ক বিভিন্ন তথ্য প্রকাশ | তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করণের নিমিত্ত সরকার তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ণ করেছে। তৎপ্রক্ষিতে প্রতিটি অফিসের সরকারি ওয়েব পোর্টাল রয়েছে। এমতাবস্থায়, উপজেলা মৎস্য অফিসগুলির ওয়েব পোর্টালে অনলাইনে মৎস্য চাষি, মৎস্যজীবি ও অন্যান্য স্টেক হোল্ডারদের জন্য তথ্য প্রাপ্তির সুযোগ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়। | স্ব স্ব ওয়েব পোর্টালে উপজেলার মৎস্য বিষয়ক বিভিন্ন তথ্য প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল |
| ৬. | তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে ২০ কার্যদিবস বা অন্য ইউনিট তথ্য প্রদানের সাথে যুক্ত থাকলে ৩০ কার্যদিবসের মধ্যে বা তথ্য প্রদানে অপারগ হলে ১০ কার্যদিবসে যথাযথ নিয়মে অংশীজনদের জানিয়ে দেওয়ার বাধ্যবাধকতার বিষয়টি আলোচনা করা হয়। ত্রৈমাসিক ভিত্তিতে ঊর্ধ্বতন কার্যালয়ে নিষ্পত্তিকৃত আবেদনের তথ্য সম্বলিত প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধি বিধান প্রতি পালন সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করা এবং ঊর্ধ্বতন কার্যালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল |

সভার এজেন্ডা অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০১.২১.১৫৫ | তারিখ: ১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

২) উপপরিচালক(ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৩) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৪) সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর

৫) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর।

৬) খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর।

৭) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (সকল), নাটোর।

৮) সহকারী মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর।

৯) জনাব........................................................................................, নাটোর।



মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা